

📖 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ চলন ও আরোহণের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এমনভাবে পথ চলুন, যাতে শীঘ্রতা থাকবে; কিন্তু আপনার গাম্ভীর্যও নষ্ট হবে না

আমাদের প্রিয়তম রসূল (ﷺ) যখন পথ চলতেন, তখন শীঘ্র পদক্ষেপে চলতেন এবং তাঁর দেহের উপরিভাগ সামনের দিকে ঝুঁকে যেত। দেখে মনে হত, তিনি যেন কোন উঁচু জায়গা থেকে ঢালু পথে নামছেন।[1]

উল্লেখ্য যে, তাঁর চলন ছিল সুপুরুষ সুউচ্চ মনোবলবিশিষ্ট একজন বীরের মত। তাঁর চলনে দুর্বলতা ছিল না, ছিল না কোন প্রকার দাম্ভিকতা।

সুতরাং একজন মুসলিমের সেই ধরনের সভ্য চলন হওয়া প্রয়োজন, যে চলনে তরুণীর মত চাপল্য থাকবে না, হরিণের মত চঞ্চল্য থাকবে না এবং থাকবে না দীন-হীন-ক্ষীণের মত দৌর্বল্য।

ফুটনোট

[1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৩৩০, আবু দাউদ হা/৪৮৬৪, তিরমিযী হা/৩৬৩৮

🌐 Source — <https://www.hadithbd.com/books/link/?id=7931>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন